

## শাবিতে ছাত্রলীগের হামলায় ছাত্রদলের তিন কর্মী আহত

শাবি প্রতিনিধি

পূর্ব শতাব্দীর জে.সি.সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবি) ছাত্রলীগের হামলায় ছাত্রদলের তিন নেতাকর্মী আহত হয়েছেন। বুধবার রাত সোয়া ১১টায় এ ঘটনা ঘটে।

আহতরা হলেন, বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন বিভাগের দ্বিতীয় বর্ষ প্রথম সেমিস্টারের শিক্ষার্থী ও শাবি শাখা ছাত্রদলের জাহাঙ্গীর ফরূক কন্নী সাকিবুজ্জামান খান, রসায়ন বিভাগের চতুর্থ বর্ষ প্রথম সেমিস্টারের শিক্ষার্থী ও ছাত্রদলের একই ফরূক কন্নী শরীফ এবং পদার্থ বিজ্ঞান বিভাগের দ্বিতীয় বর্ষ প্রথম সেমিস্টারের শিক্ষার্থী মেহেদী হাসান। আহতদের সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেয়া হচ্ছে।

এ ঘটনায় ছাত্রলীগের ১০ নেতাকর্মীর বিরুদ্ধে মামলা করার প্রস্তুতি চলছে বলে জানান ছাত্রদল শাবি শাখার আহায়ক এস এম জাহাঙ্গীর। পাশাপাশি এ ঘটনার বিচার দাবিতে উপাচার্য বরাবর স্মারকলিপি এবং প্রক্টর বরাবর লিখিত অভিযোগ দিয়েছে ছাত্রদল। স্মারকলিপিতে তিন দফা দাবি জানিয়ে প্রশাসনকে ৪৮ ঘণ্টার সময়সীমা বেধে দেন ছাত্রদলের নেতাকর্মীরা। দাবিকলো হলো- অবিলম্বে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে ও যথাযথ ক্ষতিপূরণ দিতে হবে, আহত : পৃষ্ঠা ১৫ কলাম ৭

### আহত : শাবিতে

(শেষ পৃষ্ঠার পর)

আহত ছাত্রদের সূচিকিৎসা নিশ্চিত করতে হবে এবং সব ছাত্রছাত্রীর ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরে নিরাপত্তা সুনিশ্চিত করতে হবে। শনিবার রাত ১২টার মধ্যে শাবি না মানলে রোববার থেকে অনির্দিষ্টকালের ধর্মঘটের ঘোষণা দিয়েছে ছাত্রদল।

জানা যায়, মেসের অভ্যন্তরীণ কোর্সলের জের ধরেই বুধবার রাত সোয়া ১১টায় নগরীর সুরমা ও নেহরুপাড়ায় ছাত্রদল নেতাকর্মীদের ওপর হামলা চালায় ছাত্রলীগের নেতাকর্মীরা। ছাত্রদলের নেতাকর্মীদের অভিযোগ, বিশ্ববিদ্যালয় ছাড়াও বহিরাগত ছাত্রলীগ ক্যাডারসহ ২৫-৩০ জন দুটি সিএনডি ও ২-৩টি মোটরসাইকেলযোগে কামদা, চাপার্টিসহ দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে গিয়ে ওই মেসে হামলা চালায়। হামলায় তিনজন আহত হয়। হামলাকালে তিনটি কক ভাঙুর করা হয়। এ সময় একটি কম্পিউটারও ভেঙে ফেলা হয়। ছাত্রলীগের কর্মীরা আহতদের মোবাইল লুটপাট করেছে বলেও অভিযোগ করেন তারা।

বিষয়টি জানতে পেরে রাতেই মেট্রোপলিটন পুলিশের জালাপাখান ও কোতোয়ালি থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে। এ ব্যাপারে বৃহস্পতিবার বিকালে সিলেট কোতোয়ালি মডেল থানায় মামলার প্রস্তুতি নিচ্ছে শাবি শাখা ছাত্রদল।

বিষয়টির ব্যাপারে শাবি শাখা ছাত্রদলের আহায়ক এস এম জাহাঙ্গীর জানান, ছাত্রলীগ ক্যাডাররা তাকে মেসে না পেয়ে রুমে ব্যাপক লুটপাট ও ভাঙুর করে। নগদ প্রায় ৩০ হাজার টাকাসহ ৫টি মোবাইল ও ৩টি কম্পিউটার লুট করেছে। আগামী ৪৮ ঘণ্টার মধ্যে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা না নিলে বিশ্ববিদ্যালয়ে ধর্মঘটসহ কঠোর কর্মসূচি পালন করা হবে।

শাবি শাখা ছাত্রলীগের আহায়ক শামুজ্জামান চৌধুরী সুমন বলেন, ঘটনাটি পূর্ব শতাব্দীর জে.সি.সিলেটের এবং মেসে থাকাকে কেন্দ্র করে ঘটেছে। এর সঙ্গে ছাত্রলীগ জড়িত নয়।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর হিমজী শেখর রায় জানান, ঘটনায় দোষীদের তদন্ত সাপেক্ষে দৃষ্টান্তমূলক শাস্তি দেয়া হবে।